# জামায়াত নেতৃত্বাধীন জোট ছাড়ার ঘোষণা খেলাফত মজলিসের




ছবি: সংগৃহীত

জামায়াতে ইসলামীর নেতৃত্বাধীন ১১ দলীয় নির্বাচনী ঐক্যজোটে আর থাকছে না খেলাফত মজলিস। দলটির কেন্দ্রীয় মজলিসে শুরার সাধারণ সভায় জোট থেকে আনুষ্ঠানিকভাবে সরে দাঁড়ানোর সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

শনিবার (২৫ জুলাই) রাজধানীর ডিপ্লোমা ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউট মিলনায়তনে অনুষ্ঠিত সভায় এ সিদ্ধান্ত গৃহীত হয়।

পরে এক সংবাদ বিজ্ঞপ্তিতে খেলাফত মজলিস জানায়, নির্বাচনী প্রক্রিয়া শেষ হওয়ায় ১১ দলীয় ঐক্যজোটের কার্যক্রমও স্বাভাবিকভাবেই সমাপ্ত হয়েছে। এ কারণে এখন থেকে জোটের কোনো কর্মসূচিতে দলটি অংশ নেবে না। তবে ভবিষ্যতে দেশ, জাতি ও ইসলামের বৃহত্তর স্বার্থে নতুন কোনো রাজনৈতিক ঐক্যের প্রয়োজন দেখা দিলে সে বিষয়ে ইতিবাচকভাবে বিবেচনা করা হবে।

বিজ্ঞপ্তিতে আরও উল্লেখ করা হয়, গত ১৩ জুন চট্টগ্রামে ১১ দলের বিভাগীয় সমাবেশের পরই খেলাফত মজলিস জোটের সংশ্লিষ্ট নেতাদের জানিয়ে দিয়েছিল, ভবিষ্যতে কোনো কর্মসূচি, ব্যানার বা প্রচারণাসামগ্রীতে তাদের দল কিংবা নেতাদের নাম ব্যবহার করা যাবে না। এরপর রংপুরে আয়োজিত একটি সমাবেশে তাদের নাম অন্তর্ভুক্ত করা হলে আপত্তির পর তা প্রত্যাহার করা হয়।

LENS ASIA